
# দিনে গড়ে ১১টি খুন, নারী ও শিশু নির্যাতনের সংখ্যা ছয় মাসে ১১ হাজার ছাড়িয়েছে



দেশে ৬ মাসে অপরাধ কর্মকাণ্ডের চিত্র

| মাস | খুন | ডাকাতি | ছিনতাই | নারী ও শিশু নির্যাতন | অপহরণ |
|---|---|---|---|---|---|
| জানুয়ারি | ২৯৪ | ৭১ | ১৭১ | ১,৪৪০ | ১০৫ |
| ফেব্রুয়ারি | ৩০০ | ৭৪ | ১৫৩ | ১,৪৩০ | ৭৮ |
| মার্চ | ৩১৬ | ৬০ | ১৭১ | ২,০৫৪ | ৮৩ |
| এপ্রিল | ৩৩৬ | ৪৬ | ১৪৯ | ২,০৮৯ | ৮৮ |
| মে | ৩৪১ | ৬৭ | ১৭৭ | ২,০৮৭ | ৮২ |
| জুন | ৩৪৩ | ৪৮ | ১৪৯ | ১,৯০৮ | ৭৯ |
| মোট | ১,৯৩০ | ৩৬৬ | ৯৭০ | ১১,০০৮ | ৫১৫ |

সূত্র : পুলিশ সদর দপ্তর



সংগৃহীত ছবি

জানুয়ারি থেকে জুন—মাত্র ছয় মাসেই দেশে খুন, নারী ও শিশু নির্যাতন, ছিনতাই, ডাকাতি ও অপহরণের মতো গুরুতর অপরাধে উদ্বেগজনক মাত্রায় বৃদ্ধি দেখা গেছে। পুলিশের সদর দপ্তরের সর্বশেষ পরিসংখ্যানে দেখা যাচ্ছে, এই সময়ে দেশে মোট ১,৯৩০টি খুনের ঘটনা ঘটেছে। অর্থাৎ দিনে গড়ে প্রায় ১১টি করে খুন হয়েছে।

ছয় মাসে নারী ও শিশু নির্যাতনের অভিযোগের সংখ্যা ১১ হাজার ৮৫৮টি। জানুয়ারি ও ফেব্রুয়ারিতে যথাক্রমে ১,৪৮০ ও ১,৪৩০টি ঘটনা ঘটলেও মার্চ থেকে এ সংখ্যা বেড়ে যায়। মার্চে ২,০৫৪, এপ্রিলে ২,০৮৭, মে মাসে একইসংখ্যক এবং জুনে সর্বোচ্চ ২,৯০৮টি নারী ও শিশু নির্যাতনের ঘটনা রেকর্ড হয়েছে।

ছিনতাইয়ের ঘটনা ঘটেছে মোট ৭৭০টি। জানুয়ারিতে ১২১টি, ফেব্রুয়ারিতে ১৫৩টি, মার্চে ১২১টি, এপ্রিল ও জুনে ১৪৯টি করে এবং মে মাসে ১৭৭টি ছিনতাইয়ের ঘটনা ঘটেছে। এসব ঘটনা নগরবাসীর চলাচল ও নিরাপত্তা নিয়ে শঙ্কা তৈরি করছে।

একই সময়ে ডাকাতির ঘটনা রেকর্ড হয়েছে ৩৬৬টি। জানুয়ারি থেকে জুন পর্যন্ত প্রতিমাসে গড়ে ৬০টির বেশি ডাকাতির ঘটনা ঘটেছে। বিশেষ করে জানুয়ারি ও ফেব্রুয়ারিতে ছিল যথাক্রমে ৭১ ও ৭৪টি ঘটনা।

অপহরণের ঘটনাও নজরকাড়া। ছয় মাসে অপহরণ হয়েছে ৫৫৪টি। জানুয়ারিতে ১০৫টি অপহরণের ঘটনা ঘটলেও পরবর্তী মাসগুলোতে তা কিছুটা কমলেও ধারাবাহিকতা অব্যাহত ছিল।

এই পরিসংখ্যান থেকে স্পষ্ট যে, দেশের সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি চরম চাপের মুখে পড়েছে। আইনশৃঙ্খলা বাহিনীর নানামুখী তৎপরতা সত্ত্বেও অপরাধ কমছে না বরং রীতিমতো বেড়েই চলেছে। বিশেষজ্ঞরা মনে করছেন, শুধু আইনগত ব্যবস্থা নয়, সামাজিক সচেতনতা এবং দ্রুত বিচার প্রক্রিয়ার মাধ্যমেই অপরাধপ্রবণতাকে নিয়ন্ত্রণ করা সম্ভব।

সূত্র: পুলিশ সদর দপ্তর ঢাকা